জেলা শিল্পকলা একাডেমি, সিলেট
shilpakala.sylhet.gov.bd

নম্বর : ৪৩.২০.৯১০০.০০১.১৬.০০১.২০.১০৯

তারিখ : ২০ আষাঢ় ১৪২৯ / ০৪ জুলাই ২০২২

## সম্পাদিত কার্যক্রমের প্রতিবেদন : জুন ২০২২

**০১। মতবিনিময় সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান :** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্মসচিব মোঃ আতাউর রহমান জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অংশ হিসেবে ১২ জুন সিলেট জেলা শিল্পকলা একাডেমির কার্যক্রম পরিদর্শন করেন। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সভাপতিত্বে এ সময় তিনি একাডেমির প্রশিক্ষক, প্রশিক্ষণার্থী ও অভিভাবকবৃন্দের সাথে মতনবিনিময় করেন এবং পরিবেশিত সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন। একাডেমির প্রশিক্ষক প্রতিভা রায় কেয়া, প্রশিক্ষণার্থী পল্লবী দাস মৌ, প্রিয়াংকা দাস, অর্পিতা তালুকদার, শ্রাবণী গোস্বামী সূচি, স্নেহা দাস নৃত্য, সংগীত ও আবৃত্তি পরিবেশন করেন।

**০২। বর্ষা বরণ উৎসব ১৪২৯ :** ঋতুচক্রের আবর্তনে আজ বর্ষার প্রথম দিন। শুরু হলো বর্ষাকাল। গ্রীষ্মের দাবদাহের পর বর্ষা আসে শান্তির পসরা নিয়ে। বৃষ্টির অবিরল ধারা জুড়িয়ে দেয় বাঙালির মনপ্রাণ। মাটি সিক্ত হয়, প্রকৃতিতে জাগে সবুজের হিল্লোল। কোমল বরিষণ যেন মানুষের মনের মাটিতেও আচঁড় কাটে এবং নতুন ভাবের জন্ম দেয়। ঠিক এই সময় গান, কবিতা ও নৃত্যে বর্ষা ঋতুকে বরণ করলো সিলেট জেলা শিল্পকলা একাডেমি। নগরীর পূর্ব শাহী ঈদগাহস্থ জেলা শিল্পকলা একাডেমিতে আজ (০১ আষাঢ়/১৫ জুন) বিকাল ৫:০০টায় বর্ষাবরণ অনুষ্ঠানের শুরুতেই স্বাগত বক্তব্য রাখেন জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্ত। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন জেলা শিল্পকলা একাডেমি এডহক কমিটির সদস্য ও সম্মিলিত সাংস্কৃতিক জোট সিলেটের সাধারণ সম্পাদক গৌতম চক্রবর্ত্তী। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন দক্ষিণ সুরমা উপজেলা নির্বাহী অফিসার নূসরাত লায়লা নীরা, বিশিষ্ট সংগীতশিল্পী বিপ্রদাস ভট্টাচার্য্য, জেলা শিল্পকলা একাডেমির প্রশিক্ষক পূর্ণিমা দত্ত রায়, জ্যোতি ভট্টাচার্য্য, অরুণ কান্তি তালুকদার, পান্না দাস, প্রতীক এন্দ, শিনিয়া সাহা ঝুমা, প্রতিভা রায় কেয়া প্রমুখ। শিল্পকলা একাডেমির প্রশিক্ষণার্থী নাফিসা তানজীনের উপস্থাপনায় বর্ষা ঋতুকে নিয়ে রচিত গান, কবিতা ও নৃত্যের সমন্বয়ে পরিবেশিত সাংস্কৃতিক আয়োজনটি উপস্থিত সকল দর্শকদের মন কাড়ে।

**০৩। গীতিআলেখ্য নির্মাণ :** বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে জেলায় বিশেষ প্রশিক্ষণ কর্মসূচির অংশ হিসেবে জেলা শিল্পকলা একাডেমি সিলেটের আয়োজনে কর্মশালাভিত্তিক গীতিআলেখ্য 'বর্ষা বন্দনা' নির্মাণ করা হয়। গীতিআলেখ্যটি নির্মাণের লক্ষ্যে ১০ থেকে ১৫ জুন পর্যন্ত কর্মশালা এবং ১৬ জুন রেকর্ডিং কার্যক্রম সম্পন্ন করা হয়। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সার্বিক তত্ত্বাবধান ও সমন্বয়ে গীতিআলেখ্যটির গ্রন্থনায় ছিলেন স্বপ্নীলা চৌধুরী, পরিচালনায় প্রতীক এন্দ এবং পরিবেশনায় ছিলেন লিজা রাণী পাল (লাভলী), অজন্তা রানী রায়, প্রিয়াংকা রাণী দাস, অতশী রাণী পাল, সুমন চক্রবর্তী, বিপ্রজিৎ ভট্টাচার্য্য, সুস্মিতা চক্রবর্ত্তী, নন্দিতা দেব, রাজদ্বীপ সূত্রধর, সুদীপা দাশগুপ্তা স্বর্ণা, প্রত্যাশা এস তিন্নী, পূর্বা দেব, রাজন চক্রবর্তী ও অর্পিতা দাস। গীতিআলেখ্যটি উপস্থাপনা করেন নাফিসা তানজীন।

**০৪। প্রশিক্ষণার্থীদের নিয়ে বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠান :** শিল্প-সংস্কৃতি ঋদ্ধ সৃজনশীল মানবিক বাংলাদেশ গঠনের লক্ষ্যে সিলেট জেলা শিল্পকলা একাডেমির প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণে ১৭ জুন ২০২২ তারিখে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। আয়োজিত অনুষ্ঠানে ঐশিকা দাস, তিতাস দাস, শ্রাবণী দেব বন্যা, অনন্যা পাল, অহনা দাস, লিজা রাণী পাল, কুনাল দেব শ্রেষ্ঠ, প্রিয়াংকা দাস, অর্পিতা দাস, মম পুরকায়স্থ, নিরত্যয় দেব ঔড়ব, সূর্য্য কর শুভ, অভিক পোদ্দার কাব্য সংগীত, নৃত্য ও আবৃত্তি পরিবেশন করেন।

**০৫। জেলা শিল্পকলা একাডেমি ফিল্ম সোসাইটির উদ্যোগে চলচ্চিত্র প্রদর্শনী :** চলচ্চিত্র শিল্পের বিকাশ ও প্রসারণের লক্ষ্যে জেলা শিল্পকলা একাডেমি ফিল্ম সোসাইটি বছরব্যাপী চলচ্চিত্র প্রদর্শনীর অংশ হিসেবে ১৪ জুন একাডেমির মিলনায়তনে চলচ্চিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়। পরিচালক সুমনা সিদ্দিকী পরিচালিত মাধো চলচ্চিত্রটি প্রদর্শিত হয়।

[চলমান পাতা - ২]

**০৬। শিশু-কিশোর-যুবক, বিশেষ চাহিদা সম্পন্ন শিশু ও প্রবীণ ব্যক্তিদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান :** শিল্প-সংস্কৃতি ঋদ্ধ সৃজনশীল মানবিক বাংলাদেশ গঠনের লক্ষ্যে সিলেট জেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে শিশু-কিশোর-যুবক, বিশেষ চাহিদা সম্পন্ন শিশু ও প্রবীণ ব্যক্তিদের নিয়ে ২৪ জুন ২০২২ তারিখে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। আয়োজিত অনুষ্ঠানে শিশু-কিশোর-যুবক, বিশেষ চাহিদা সম্পন্ন শিশু ও প্রবীণ ব্যক্তিদের পরিবেশনা মুগ্ধ করে উপস্থিত দর্শক-শ্রোতাদের।

**০৭। বিশ্ব সংগীত দিবস ২০২২ উদ্‌যাপন :** 'বিশ্বজনের বিচিত্র গান, এক সপ্তকে বেঁধেছে প্রাণ' এই প্রতিপাদ্যকে ধারণ করে বিশ্ব সংগীত দিবস ২০২২ উদ্‌যাপন উপলক্ষে সিলেট জেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে নগরীর পূর্ব শাহী ঈদগাহস্থ সিলেট জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে ২৬ জুন বিকাল ৪টায় আয়োজন করা হয় সংগীতানুষ্ঠানের। সংগীতানুষ্ঠানে বিভিন্ন শিল্পীর পরিবেশনায় মুখরিত ছিল পুরো আয়োজন।

**০৮। প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম :** বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রণীত প্রশিক্ষণকেন্দ্র পরিচালন নীতিমালা ও নির্ধারিত পাঠ্যক্রমের আলোকে সিলেট জেলা শিল্পকলা একাডেমির বছরব্যাপী নিয়মিত কার্যক্রম সংগীত, নৃত্য, নাটক, তালবাদ্যযন্ত্র, চারুকলা ও আবৃত্তি বিষয়ে শিশু ও সাধারণ বিভাগের আওতায় শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। স্বাস্থ্যবিধি মেনে ২৪ ফেব্রুয়ারি ২০২২ থেকে নতুন বছরের প্রশিক্ষণ ক্লাস অনুষ্ঠিত হচ্ছে।

**০৯। লাইব্রেরী সংক্রান্ত কার্যক্রম :** জেলা শিল্পকলা একাডেমিতে একটি সুসজ্জিত লাইব্রেরি রয়েছে। লাইব্রেরিটিতে বর্তমানে পাঠকদের পড়ার জন্য সর্বমোট ১১৪২টি বই রয়েছে। পাশাপাশি বিক্রির জন্য শিল্প-সাহিত্য-সংস্কৃতির বইও রয়েছে। জেলা শিল্পকলা একাডেমির প্রশিক্ষণার্থী, প্রশিক্ষণার্থীদের অভিভাবক ছাড়াও এখানকার শিল্পী-সংস্কৃতিকর্মী এবং শিক্ষার্থীরা নিয়মিত লাইব্রেরিতে বই পড়তে আসেন। শুধুমাত্র বই পড়া কার্যক্রমের মধ্যে সীমাবদ্ধ না থেকে এর আওতায় নিয়মিত মাসিক পাঠচক্রেরও আয়োজনা করা হয়। স্বাস্থ্যবিধি মেনে সুষ্ঠুভাবে এই কার্যক্রমটি পরিচালিত হচ্ছে।

সংযুক্ত :
১. 20... কপি ছবি (সফট কপি)।
২. ...... পেপার কাটিং টি।

04/07/2022

(অসিত বরণ দাশ গুপ্ত)
জেলা কালচারাল অফিসার
সিলেট
ফোন : ০৮২১-৭১৯০৫৮
sylhet@shilpakala.gov.bd

মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি
সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতির জন্য
১. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, সিলেট।